পাঠ্যবইয়ে ভুলত্রুটি

# প্রাথমিক স্তরের শুদ্ধিপত্র প্রকাশ মাধ্যমিকে না

**যুগান্তর রিপোর্ট**

প্রাথমিক স্তরের পাঠ্যবইয়ে ভুলত্রুটির ওপর শুদ্ধিপত্র তৈরি করেছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)। বুধবার তা প্রকাশ করেছে প্রাথমিক শিক্ষা অধিদফতর (ডিপিই)। এতে দেখা গেছে, তিনটি শ্রেণীর ৫টি বিষয়ের বইয়ে ৯ স্থানে ভুল চিহ্নিত করে সঠিক তথ্য দেয়া হয়েছে। তবে ছাগল সংক্রান্ত বহুল বিতর্কিত বিষয়সহ আরও কয়েকটি ত্রুটি এড়িয়ে যাওয়া হয়েছে। এনসিটিবি চেয়ারম্যান নারায়ণ চন্দ্র সাহা যুগান্তরকে বলেন, 'আমরা শুদ্ধিপত্রে যা দিয়েছি এর বাইরে আর যা আছে তা পরিমার্জন করব। বাকিগুলো শুদ্ধিপত্র দেয়ার মতো নয়।' আরেক প্রশ্নের জবাবে তিনি বলেন, 'মাধ্যমিক স্তরের পাঠ্যবইয়ের ব্যাপারে আমরা এখন পর্যন্ত শুদ্ধিপত্র দেয়ার পর্যায়ে যাইনি। আসলে সেখানেও তেমন বড় ভুলত্রুটি নেই, যা আছে তা পরিমার্জনে ঠিক করা হবে।' শুদ্ধিপত্রে তৃতীয় শ্রেণীর বাংলা বইয়ে কবি কুসুমকুমারী দাশের 'আদর্শ ছেলে' কবিতা ঠিক করে দেয়া হয়েছে। পাশাপাশি এতে কবিতা প্রকাশের মূলসূত্র নিচে উল্লেখ করা হয়েছে। এ প্রসঙ্গে এনসিটিবি চেয়ারম্যান নারায়ণ চন্দ্র সাহা যুগান্তরকে বলেন, 'আমরা শুদ্ধিপত্রে যা দিয়েছি এর বাইরে আর যা আছে তা পরিমার্জন করব। বাকিগুলো শুদ্ধিপত্রে দেয়ার মতো নয়।' আরেক প্রশ্নের জবাবে তিনি বলেন, 'মাধ্যমিক স্তরের পাঠ্যবইয়ের ব্যাপারে আমরা এখন পর্যন্ত শুদ্ধিপত্র দেয়ার পর্যায়ে যাইনি।'

প্রাপ্তি নং..........
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর